



উপজেলা পরিক্রমা

বটিয়াঘাটা

বটিয়াঘাটা (খুলনা), ২৫ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— খুলনা নগরীর অভ্যন্তরীণ কাছের উপজেলা বটিয়াঘাটা, মহানগরীর প্রাণকেন্দ্র থেকে এই উপজেলার দূরত্ব মাত্র ১০ কিলোমিটার।

৭টি ইউনিয়ন নিয়ে গঠিত। এই উপজেলার আয়তন ৯৫ বর্গমাইল। লোক সংখ্যা ১০ লাখ ১০ হাজার। মৌজার সংখ্যা ১৩৩। গ্রামের সংখ্যা ১৩৮টি।

যোগাযোগ

সবচেয়ে যোগাযোগের ক্ষেত্রে পিছিয়ে আছে এই উপজেলা। মহানগরী খুলনার সাথে স্থল পথে যোগাযোগ একমাত্র উপায় গল্পামারী-বটিয়াঘাটা পাকা সড়ক। কিন্তু এ সড়কের মাত্র এক-চতুর্থাংশ পীচ। বাকি অংশে ইট বিছানো, তাও এতে অসংখ্য খাদের সৃষ্টি হয়েছে।

কৃষি

উপজেলায় মোট জমির ৮০ ভাগ বাইরের লোকের। ফলে ভূমিহীন পরিবারের সংখ্যা বেশী। এর মধ্যে আবার ৭টির মধ্যে ৩টি ইউনিয়নে ওয়াপদা বাঁধ না থাকায় প্রতি বছর বন্যা, জলোচ্ছ্বাসে এই তিন ইউনিয়নে ফসলহানি ঘটে।

উপজেলার আবাদযোগ্য জমির পরিমাণ ৪৭,৯১০ একর।

শিক্ষা

উপজেলায় শিক্ষিতের হার শত করা ২২%। স্কুলের সংখ্যা ১ টি। তবে অধুনা মহানগরীর হেমিওপ্যাথিক কলেজটি উপজেলা এলাকার মধ্যে স্থানান্তরিত করা হয়েছে। তেমনি গল্পামারীতে একটি আর্ট কলেজও স্থাপিত হয়েছে। এছাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬৫টি। এর মধ্যে ১০টির পাকা ছাদ ইতিমধ্যে ধসে পড়েছে এবং ১৯টির ছাদ যে কোন মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে। ১৫টি বিদ্যালয় বেসরকারীভাবে পরিচালিত হয়। উচ্চ বিদ্যালয় আছে ২০টি।

স্বাস্থ্য

উপজেলার স্বাস্থ্য ও জনস্বাস্থ্য ব্যবস্থা অভ্যন্তরীণ নড়বড়ে ধরনের। একটি হাসপাতাল উপজেলাবাসীর চিকিৎসার একমাত্র ভরসা। কিন্তু তাও দীর্ঘদিন ধরে অব্যবস্থা ও অনিয়মের আশুড়ায় পতিত হওয়ায় সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।